

সংবাদ বিজ্ঞপ্তি



বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন ও বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরামের উদ্যোগে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব সাঈদ আহমেদ সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় ১৮ ফেব্রুয়ারী, ২০২৬ দুপুর ২:০০ ঘটিকায় বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের কনফারেন্স রুম, হোসেন টাওয়ার (লেভেল-৯), বক্স কালভার্ট রোড, ১১৬, নয়া পল্টন, ঢাকায় উষ্ণ অভিনন্দন জ্ঞাপন করা হয়।

নবনির্বাচিত সংসদ সদস্য ও বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন-এর প্রেসিডেন্ট জনাব সাঈদ আহমেদ, এমপি ইন্স্যুরেন্স কোম্পানীসমূহের বর্তমান সার্বিক বিষয় নিয়ে তাঁর দৃঢ় অবস্থান তুলে ধরেন। সংবর্ধনা অনুষ্ঠানে তিনি নির্বাচিত হওয়ায় সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ ও সকলের দোয়া কামনা করেন। অনুষ্ঠানে প্রথম ভাইস-প্রেসিডেন্ট আদিবা রহমান, ভাইস-প্রেসিডেন্ট কাজী সাখাওয়াত হোসেন (লিন্টু)সহ নির্বাহী কমিটির সদস্যবৃন্দ এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট জনাব বি এম ইউসুফ আলী ও বিভিন্ন ইন্স্যুরেন্স কোম্পানীর চেয়ারম্যান ও মুখ্য নির্বাহী কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরবর্তীতে জনাব সাঈদ আহমেদ, এমপি ও প্রেসিডেন্ট, বিআইএ-কে এসোসিয়েশনের ও ফোরামের পক্ষ থেকে এবং পরবর্তী পর্যায় ডেল্টা লাইফ, রূপালী ইন্স্যুরেন্স, জেনিথ ইসলামী লাইফ, বেঙ্গল ইসলামী লাইফ, বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুরেন্স, এনআরবি ইসলাম ও ক্যামেলকো ফুলেল শুভেচ্ছা বিনিময় করেন।

নিউজ এডিটর/ চীপ রিপোর্টার
ঢাকা।

উক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি প্রচার / প্রকাশ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

(মোঃ ওমর ফারুক, এনডিসি)
সেক্রেটারী